৮৯ বছর বয়সে প্রয়াত গ্যারি সোবার্স



কিংস্টন, ১৭ জুলাই : চলে গেলেন গারফিল্ড (গ্যারি) সোবার্স। শুক্রবার মৃত্যু হয়েছে ওয়েস্ট ইন্ডিজের প্রাক্তন ক্রিকেটারের। বয়স হয়েছিল ৮৯ বছর। সোবার্স আজীবন স্মৃতিতে থাকবেন প্রথম শ্রেণির ক্রিকেটে প্রথম ব্যাটার হিসাবে এক ওভারে ছ'টি ছয় মারার জন্য। চলে গেলেন গারফিল্ড (গ্যারি) সোবার্স। শুক্রবার মৃত্যু হয়েছে ওয়েস্ট ইন্ডিজের প্রাক্তন ক্রিকেটারের। বয়স হয়েছিল ৮৯ বছর। সোবার্স আজীবন স্মৃতিতে থাকবেন ১৯৬৮ সালে গড়া তাঁর একটি কীর্তির জন্য। প্রথম শ্রেণির ক্রিকেটে প্রথম ব্যাটার হিসাবে এক ওভারে ছ'টি ছয় মেরেছিলেন তিনি। তবে গোটা জীবনে এ রকম কীর্তি আরও অনেক রয়েছে। সোবার্স রেখে গেলেন একরাশ স্মৃতি, যার অনেক কিছুই এখনকার প্রজন্ম জানে না।

প্রাক্তন ক্রিকেটার তথা ধারাভাষ্যকার রিচি বেনো এক বার সোবার্সের বর্ণনা করেছিলেন 'বিশ্বের অন্যতম সেরা অলরাউন্ড ক্রিকেটার' বলে। তিনি লিখেছিলেন, 'সোবার্স প্রতিভাবান ব্যাটার, দুর্দান্ত ফিল্ডার এবং অসাধারণ দক্ষতাসম্পন্ন একজন বোলার ছিল। নতুন বলই হোক, পুরনো বাঁ-হাতি স্পিন বা লেগস্পিন সব বলই করতে পারত।

১৯৫৩-এ ১৬ বছর বয়সে বার্বাডোজের হয়ে প্রথম শ্রেণির ক্রিকেটে অভিষেক হয় সোবার্সের। তিনি এতটাই প্রতিভাবান ছিলেন যে দ্রুত দেশের হয়ে খেলার জন্য তাঁর ডাক পড়ে। পরের বছরই ওয়েস্ট ইন্ডিজের হয়ে অভিষেক।

আন্তর্জাতিক মঞ্চে ছাপ ফেলতে বেশি সময় লাগেনি। ১৯৫৮-এ পাকিস্তানের বিরুদ্ধে প্রথম শতরান করেন। শেষ পর্যন্ত ৩৬৫ রানে অপরাজিত থাকেন। সেই সময়ে সেটিই ছিল টেস্টে সর্বোচ্চ ব্যক্তিগত স্কোর। এর পর ১৯৯৪-এ সেটি ভাঙেন ব্রায়ান লারা।

সোবার্স ১৯৭৪-এ ৩৮ বছর বয়সে অবসর নিয়েছিলেন। অনেকেই মনে করেন, যে মাপের ক্রিকেটার ছিলেন তাতে অবসর একটু আগেভাগেই নিয়ে ফেলেছিলেন। তাঁর অবসরের পর 'উইসডেন' লিখেছিল, 'সোবার্স মানসিক এবং শারীরিক ভাবে ক্লান্ত হয়ে পড়েছিলেন। যে ক্রিকেট তাঁর জীবনের সমান ছিল, সেই ক্রিকেট সম্পর্কেই আগ্রহ হারিয়ে ফেলেছিলেন। হাঁটুরও চরম ক্ষতি হয়েছিল। নিজের প্রতিভার শিকার হয়েছিলেন সোবার্স। কারণ তিনি অনেক কিছু করতে পারতেন। তাই বার বার সেই কাজ করতেই ডাকা হয়। অনেক ক্রিকেটারের চেয়ে বেশি খেটেছেন তিনি।

সব মিলিয়ে সোবার্স ওয়েস্ট ইন্ডিজের হয়ে ৯৩টি টেস্ট খেলে ৮০৩২ রান করেছেন। বল হাতে ২৩৫টি উইকেট নিয়েছেন। গড় ৫৭.৭৮। ৫০০০ বা তার বেশি রান করেছেন, এমন ক্রিকেটারদের তালিকায় সোবার্সের গড় চতুর্থ সর্বোচ্চ।

প্রথম শ্রেণির ক্রিকেটে ৩৮৩টি ম্যাচ খেলে ২৮ হাজারের বেশি রান করেছেন এবং ১০০০-এর বেশি উইকেট নিয়েছেন। কেরিয়ারের শেষের দিকে দক্ষিণ অস্ট্রেলিয়া এবং নটিংহ্যামশায়ারে সময় কাটান।

নিজের কেরিয়ারের আসল সময়ে সোবার্সকে ডাকা হত 'কিং ক্রিকেট' বলে। উইসডেনের তরফে তিন বার 'লিডিং ক্রিকেটার অফ দ্য ইয়ার' পুরস্কার জেতেন। ডোনাল্ড ব্র্যাডম্যান তাঁর চেয়ে বেশি বার এই পুরস্কার জিতেছেন। সোবার্স সম্পর্কে ব্র্যাডম্যান বলেছিলেন, 'আমার দেখা অন্যতম সেরা অলরাউন্ডার।'

লর্ডসেই শেষ ওয়ানডে ম্যাচ খেলছেন রোহিত?

লর্ডস, ১৭ জুলাই : ইংল্যান্ডের বিরুদ্ধে লর্ডসে তৃতীয় ওয়ানডে ম্যাচের পর ভারতের অভিজ্ঞ ওপেনার রোহিত শর্মার আন্তর্জাতিক ওয়ানডে কেরিয়ার বড় মোড় নিতে পারে। এক প্রতিবেদনে দাবি করা হয়েছে, এই সিরিজ শেষ হওয়ার পর জাতীয় নির্বাচকরা রোহিতকে আর ওয়ানডে দলে রাখার পরিকল্পনা করছেন না যদিও ভারতীয় ক্রিকেট বোর্ড এখনও এ বিষয়ে আনুষ্ঠানিকভাবে কিছু জানায়নি, তবুও বিষয়টি নিয়ে ক্রিকেট মহলে জোর আলোচনা শুরু হয়েছে।

ওই প্রতিবেদনে বলা হয়েছে, অজিত আগরকরের নেতৃত্বাধীন জাতীয় নির্বাচক কমিটি এখন থেকেই ২০২৭ সালের ওয়ানডে বিশ্বকাপকে সামনে রেখে দল গড়ার পরিকল্পনা করছে। দক্ষিণ আফ্রিকা, জিম্বাবোয়ে ও নামিবিয়ায় অনুষ্ঠিত হতে যাওয়া সেই বিশ্বকাপের আগে তরুণ ওপেনার যশস্বী জয়সওয়ালকে নিয়মিত সুযোগ দেওয়ার দিকেই ঝুঁকছে নির্বাচকরা। দীর্ঘমেয়াদি পরিকল্পনার অংশ হিসেবেই অভিজ্ঞদের পরিবর্তে নতুন প্রজন্মকে প্রস্তুত করার উদ্যোগ নেওয়া হচ্ছে। বিসিসিআইয়ের এক সূত্রের দাবি, নির্বাচকরা নাকি ইতিমধ্যেই সিদ্ধান্ত নিয়ে ফেলেছেন যে লর্ডসের ম্যাচের পর রোহিতকে আর ওয়ানডে দলে বিবেচনা করা হবে না। তিনি যদি সম্মানের সঙ্গে অবসর নিতে চান, সেটি সম্পূর্ণ ব্যক্তিগত সিদ্ধান্ত হবে। তবে নির্বাচকদের বার্তা স্পষ্ট দলের ভবিষ্যৎ পরিকল্পনায় এখন নতুন মুখদের অগ্রাধিকার দেওয়া হচ্ছে। রোহিত শর্মার সাম্প্রতিক ব্যাটিং পারফরম্যান্সও এই সিদ্ধান্তের অন্যতম কারণ বলে মনে করা হচ্ছে। সোফিয়া গার্ডেন্সে ইংল্যান্ডের বিপক্ষে দ্বিতীয় ওয়ানডেতে তার ২৬ রানের ধীরগতির ইনিংস নির্বাচকদের ভাবনায় প্রভাব ফেলেছে বলে জানা গেছে। অন্যদিকে, যশস্বী জয়সওয়াল সীমিত সুযোগ পেয়েও ভালো পারফরম্যান্স করেছেন। ফলে ভবিষ্যতের কথা ভেবেই পরিবর্তনের পথে হাঁটতে চাইছে নির্বাচক কমিটি। এখনও পর্যন্ত নিশ্চিত নয় যে নির্বাচকরা আনুষ্ঠানিকভাবে রোহিতকে এই সিদ্ধান্ত জানিয়েছেন কি না। ইতিমধ্যেই তিনি টি-টোয়েন্টি আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নিয়েছেন। ২০২৪ টি-টোয়েন্টি বিশ্বকাপে ভারতকে চ্যাম্পিয়ন করার পরই তিনি সেই সিদ্ধান্ত নিয়েছিলেন। তবে ২০২৭ সালের ওয়ানডে বিশ্বকাপে খেলার ইচ্ছা প্রকাশ করায় তিনি ৫০ ওভারের ক্রিকেট চালিয়ে যাচ্ছিলেন।

রোহিত শর্মা ভারতের হয়ে ২৮৭ ওয়ানডে ম্যাচ খেলেছেন এবং করেছেন ১১,৭৫৭ রান। সীমিত ওভারের ক্রিকেটে তিনি ভারতের অন্যতম সফল ও নির্ভরযোগ্য ওপেনার হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেছেন। শুধু ব্যাট হাতে নয়, অধিনায়ক হিসেবেও তিনি দেশের ক্রিকেটে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন।

রোহিত ৫৬ ওয়ানডে ম্যাচে ভারতীয় ক্রিকেট দলকে নেতৃত্ব দিয়েছেন। তার অধিনায়কত্বে ভারত ২০২৩ সালের ওয়ানডে বিশ্বকাপের ফাইনালে পৌঁছায় এবং ২০২৫ সালের চ্যাম্পিয়ন্স ট্রফিও জয় করে। সম্প্রতি তিনি টেস্ট ক্রিকেট থেকেও অবসর নিয়েছেন। যদি লর্ডসেই সত্যিই তার শেষ ওয়ানডে হয়, তাহলে ভারতীয় ক্রিকেটের একটি সফল অধ্যায়েরও সমাপ্তি ঘটবে।

সোনাই রেফারি অ্যাসোসিয়েশনের ভোটাভুটির মাধ্যমে সভাপতি-সম্পাদক নির্বাচিত

আশু চৌধুরী

শিলচর, ১৭ জুলাই : সোনাই রেফারি অ্যাসেসিয়েশনের নয়া কমিটি গঠন হল। কমিটির প্রধান দু'টি পদে একাধিক দাবিদার হওয়ায় ভোটাভুটির মাধ্যমে নয়া কমিটি গঠন প্রক্রিয়া সম্পন্ন হয়। শুক্রবার সোনাই এনজি এইচএস স্কুলের মাঠের প্যাভেলিয়নে অনুষ্ঠিত নির্বাচন। তাহির আহমদ লস্কর প্রিসাইডিং অফিসার ও অবজারভার বদর উদ্দিন মজুমদারের তত্ত্বাবধানে সভাপতি ও সাধারণ সম্পাদক পদে ভোট গ্রহণ শুরু হয়। মোট ২১ ভোটারের মধ্য ১৯ জন ভোটদান করেন। দু'জন অনুপস্থিত ছিলেন। দু'টি পদে দু'জন করে প্রার্থী ছিলেন। সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করে রাজীব আহমদ লস্কর ও সায়াজুল হক লস্কর (টিটু) এবং সাধারণ সম্পাদক পদে হোসেন আহমদ লস্কর ও শামিম আহমদ বড়ভূইয়া। ভোটদান শেষে গণনা শুরু হয়। সভাপতি পদে রাজীব আহমদ পেয়েছেন ১৩টি ও টিটু লস্কর পান মাত্র ৬টি ভোট। বিপুল ভোটে সাধারণ সম্পাদক নির্বাচিত হন হোসেন আহমদ লস্কর। তিনি পান ১৬টি ভোট। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী শামিম আহমদের ঝুলিতে পড়ে মাত্র তিনটি ভোট। গণনা শেষে প্রিসাইডিং অফিসার তাহির আহমদ, সভাপতি রাজীব আহমদ ও সাধারণ সম্পাদক পদে হোসেন আহমদকে জয়ী ঘোষণা করেন।

ভোটপর্ব শেষে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ধলাই মাতৃভূমি সংস্থার সভাপতি সীতাংশু দাস, সদস্য বাপ্পা পাল, আমড়াঘাট মাতা সংঘের কর্তা জিষ্ণু ভট্টাচার্য, সাহিনুর আলম আহমদ, এমসিডি কলেজের উপাধ্যক্ষ আব্দুল মতিন লস্কর, আব্দুল জলিল সহ অনেকে। আগামী সপ্তাহে পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হবে।

ইংল্যান্ড সিরিজে ভারতীয় ড্রেসিংরুমে 'গৃহযুদ্ধ'

লর্ডস, ১৭ জুলাই : গত ২৪ ঘণ্টার মধ্যেই মেন ইন ব্লুর ড্রেসিংরুমের আপাত সুখী ছবিটা এক ঝটকায় পালটে গিয়েছে। তার প্রভাব পড়েছে মাঠের পারফরম্যান্সেও। বৃহস্পতিবার ইংল্যান্ডের বিরুদ্ধে সিরিজের দ্বিতীয় ওয়ানডে খেলতে নেমেছিল ভারতীয় দল। এই ম্যাচ জিতলেই নিশ্চিত হয়ে যেত সিরিজ জয়ও। কিন্তু ব্যাটিং ব্যর্থতায় ম্যাচ হাতছাড়া হল শুভমান গিলদের। জানা গেছে হেড কোচ গৌতম গম্ভীরের সঙ্গে বিরাট কোহলির কথাবার্তা একেবারে বন্ধ। অন্যদিকে, রোহিত শর্মাকে জানিয়ে দেওয়া হয়েছে ভারতীয় দলের দরজা তাঁর জন্য চিরতরে বন্ধ হতে বসেছে। বৃহস্পতিবার কার্ডিফে প্রথমে ব্যাট করতে নামে ভারত। কিন্তু রোহিত এদিনও ব্যর্থ। আগামী বছর বিশ্বকাপের প্রস্তুতি হিসাবে এই সিরিজগুলো খেলছে ভারত। সেখানে টানা দুই ম্যাচ ব্যর্থ হতেই হিটম্যানকে সটান বাতিলের খাতায় ফেলে দেওয়া হয়েছে বলে বোর্ড সূত্রে খবর। আগামী রবিবারই আন্তর্জাতিক ক্রিকেটে তাঁর শেষ ম্যাচ হতে পারে এমন সম্ভাবনা প্রবল। তবে আগের দিনের ব্যর্থতা কাটিয়ে খানিকটা ছন্দে ফেরেন বিরাট। হাফসেঞ্চুরির পর অবশ্য আগ্রাসী ক্রিকেট খেলতে গিয়ে উইকেট খোয়ালেন। একটা সময়ে মনে হচ্ছিল ভারত ২০০ পেরতে পারবে না। তবে শ্রেয়স আয়ারের চেষ্টায় রানটা ২৩৩ পর্যন্ত পৌঁছয়। সিরিজের প্রথম ম্যাচের মতোই এদিনও কার্ডিফে দাপট দেখালেন ভারতীয় বোলাররা। চার ওভারের মধ্যে দুই ইংরেজ ওপেনারকে প্যাভিলিয়নে ফেরান জশপ্রীত বুমরাহরা। কিন্তু সেখান থেকে ভারতের কাঁটা হয়ে ওঠেন জো রুট। মাত্র এক রানের জন্য সেঞ্চুরি হাতছাড়া হল তাঁর। কিন্তু তাঁর দাপটেই ম্যাচ ঝুলিতে পুরল ইংল্যান্ড। বাকি ইংরেজ ব্যাটাররা কেউই ৩০-এর গণ্ডি পেরতে পারেননি।

ইতিহাসে প্রথমবার ফুটবল বিশ্বকাপে সুপার বোল স্টাইল হাফটাইম শো!

নিউ জার্সি, ১৭ জুলাই : আগামী ১৯ জুলাই ফুটবল বিশ্বকাপের মেগা ফাইনালে বিশ্বসেরা দুই দল ট্রফির জন্য লড়াইয়ে নামবে। তখন মাঠের ভেতরের উত্তেজনাকে বহুগুণ বাড়িয়ে দিতে স্টেডিয়ামে বসতে চলেছে চাঁদের হাট। ফুটবল বিশ্বকাপের ইতিহাসে এই প্রথমবার যুক্ত হতে চলেছে আমেরিকার 'সুপার বোল' স্টাইলের ব্লকবাস্টার 'হাফটাইম শো'। পপ তারকা জাস্টিন বিবার, গ্লোবাল সেনসেশন বিটিএস থেকে শুরু করে পপ কুইন শাকিরা- বিশ্বের তাবড় তাবড় সঙ্গীতশিল্পীরা কাঁপাতে আসছেন নিউইয়র্কের নিউ জার্সি স্টেডিয়াম।

ফিফার পক্ষ থেকে জানানো হয়েছে, এবারের সমাপ্তি অনুষ্ঠান ও ফাইনাল ম্যাচটি কেবল ফুটবলের আসর থাকবে না। এটি পরিণত হতে চলেছে খেলাধূলা ও বিশ্বমানের বিনোদনের এক অভূতপূর্ব ফিউশনে। ফাইনাল ম্যাচটি ভারতীয় সময় রাত ১১টায় শুরু হলেও, স্টেডিয়ামে আসল বিনোদনের উৎসব শুরু হয়ে যাবে রাত সাড়ে ৯টা থেকেই। মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডা এবং মেক্সিকোর ১৬টি শহরে ৪৮টি দলের এই ঐতিহাসিক সফরকে উদযাপন করতেই সাজানো হয়েছে এই মেগা আয়োজন। গ্র্যামি-মনোনীত এই বিশ্বখ্যাত র‍্যাপার ও গায়ক থাকছেন প্রি-ম্যাচ সেরেমনির মূল তারকা হিসেবে। বিশ্বখ্যাত ইজিওটি জয়ী এই তারকা ফাইনাল শুরুর আগে আমেরিকার জাতীয় সঙ্গীত পরিবেশন করবেন।

খেলার প্রথমার্ধ শেষ হওয়ার পর মাঝের বিরতিতে স্টেডিয়ামকে কনসার্ট থিয়েটারে রূপ দিতে কোমর বেঁধে নেমেছে ফিফা। এই ঐতিহাসিক হাফটাইম শোর কিউরেটর বা প্রধান সংগঠক হিসেবে থাকছেন 'কোল্ডপ্লে' -র লিড সিঙ্গার ক্রিস মার্টিন। তাঁর সাথে মঞ্চ শেয়ার করবেন। বহু বছর পর মেগা গ্লোবাল স্টেজে পারফর্ম করতে দেখা যাবে এই পপ আইকন জাস্টিন বিবারকে। ২০১০ সালের ব্লকবাস্টার ফুটবল অ্যান্থেম 'ওয়াকা ওয়াকা' খ্যাত পপ কুইন শাকিরা আবারও ফিরছেন বিশ্বকাপের মঞ্চে আগুন জ্বালাতে। কোরিয়ান পপ ব্যান্ড বিটিএসর উপস্থিতি ফুটবল মাঠের উন্মাদনাকে কোটি কোটি কে-পপ ভক্তদের ঘরে পৌঁছে দেবে। বিশ্বকাপের অফিসিয়াল গান 'দাই দাই' খ্যাত নাইজেরিয়ান তারকা বার্ণা বয়ও থাকছেন মেগা লাইন আপে।

এছাড়া ভেনেজুয়েলার বিখ্যাত কন্ডাক্টর গুস্তাভো ডুডামেল এবং নিউ ইয়র্কের স্থানীয় 'পিএস ২২ কোরাস' দল কোল্ডপ্লের সঙ্গে ক্লাসিক্যাল ফিউশনে অংশ নেবে। ছোটদের প্রিয় 'সেসামি স্ট্রিট' -এর চরিত্রদেরও দেখা যাবে এই শো-তে। শুধু পারফর্মাররাই নন, ফাইনালের গ্ল্যামার বাড়াতে গ্যালারিতে উপস্থিত থাকছেন হলিউডের 'মিশন ইম্পসিবল' তারকা টম ক্রুজ, প্রখ্যাত গায়ক রবি উইলিয়ামস, নিকোল শেরজিঙ্গার, লরা পাউসিনি এবং বিশ্বের অন্যতম জনপ্রিয় স্ট্রিমার 'আইশোস্পিড'। তবে তাঁরা ঠিক কী ভূমিকায় থাকবেন, তা এখনও গোপন রেখেছে ফিফা। ফিফা জানিয়েছে, এই ঐতিহাসিক হাফটাইম শো থেকে প্রাপ্ত অর্থ ফিফার 'গ্লোবাল সিটিজেন এডুকেশন ফান্ড'-এ দান করা হবে। বিশ্বজুড়ে সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা ও ক্রীড়া পরিকাঠামো উন্নয়নের জন্য ১০০ মিলিয়ন ডলার (প্রায় ৮০০ কোটি টাকারও বেশি) তোলার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে এই উদ্যোগের মাধ্যমে। সব মিলিয়ে, আগামী ১৯ জুলাইয়ের ফাইনাল কেবল ফুটবল ইতিহাসের সেরা ম্যাচ হতে চলেছে না, এটি হতে চলেছে বিনোদন দুনিয়ার সর্বকালের শ্রেষ্ঠ মহোৎসব!

সাময়িক প্রসঙ্গ শব্দসন্ধান



সূত্র : পাশাপাশি ১) দীর্ঘ তৃণজাতীয় এ উদ্ভিদ কাউকে দেওয়া মানে তাকে জব্দ করা বা বিপাকে ফেলা ৩) হারাধনের ছেলের সংখ্যা ৬) ভুল, বিচ্যুতি ৮) সম্বন্ধটা এমনিতে মধুর তবে অন্যের উপর ঝাল ঝাড়তে এটা গালাগাল হয়ে যায় ১০) এটা যদি ঘোড়ার জন্য কাটা হয় তবে তা একেবারে পণ্ডশ্রম ১২) পারদর্শী, খুব ভাল ভাবে পারে ১৪) 'জগৎ সংসার' এরে সাধু কয় অসার, অসাধু কয় সারাসার ১৬) এ ডাক পাড়ার মস্তানকেও ডাকা হয় আবার বাপের বাপকেও ডাকা হয় ১৮) শরীরের এ দিক দেয়ালে ঠেকে যাওয়া মানে আর উপায় নেই ২১) আঁঠা নামের শস্য যার থেকে আটা হয় ২৩) আসন, মসনদ ২৫) লাখ ২৭) জানকী ২৯) দিক, রাস্তা ৩১) সামুদ্রিক এই প্রাণীর পেছনে 'র' দিলে অন্ধকার হবে ৩৩) কেতুর সঙ্গী অসুর ৩৫) দুধ থেকে হয়, বিড়ালের হয় ৩৬) মশলায় আগে শ্রী দিলে দ্বীপ রাষ্ট্র। **উপরনীচ :** ২) দুশমন ৪) ফলটাতে জল ভরা, কথ্য কথায় কয় খিরা ৫) জমির মাপ শেষে জখম ৭) বৃদ্ধাঙ্গুষ্ঠের ছাপ, কপালের ফোঁটা ৯) মুনাফা, ফায়দা ১১) সমসময়, সর্বদা ১৩) মাথার তাজ, টোপর ১৫) বল্লম, লাঠির অগ্রভাগে ধারালো ফলার অস্ত্র ১৭) চিহ্ন পাল্টে গেলে ভীমের অস্ত্র ১৯) প্রতারক, ধোকাবাজ ২০) বিলাতি ঘন্টায় বাংলা ফল ২২) কালি ২৪) পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীকে সবাই ডাকেন ২৬) লোকসান, লস ২৮) দেবগুরু বৃহস্পতিবার পত্নী ৩০) লাল মার্কিন কাপড় ৩২) মিথ্যা, সত্য নয় ৩৪) বোলতা, ভীমরুলের হাতিয়ার।

গত সংখ্যার সমাধান

পাশাপাশি : ১) ইঁদারা ৩) একতারা ৬) দুম ৭) তিল ৮) শ্যাম ৯) ভর ১০) ঝামা ১১) দণ্ড ১২) গণ্ডা ১৩) ব্যাধি ১৪) কাঁদা ১৫) কস ১৭) পলি ১৮) দাঙ্গা ১৯) রস রঙ্গ ২০) উদার। **উপরনীচ :** ১) ইঁদুর ২) দাম ৩) এতিম ৪) কল ৫) রানার ৮) শ্যামা ৯) ভণ্ড ১০) ঝাণ্ডা ১১) দধি ১২) গদা ১৩) ব্যাস ১৪) কাঁকর ১৫) কলিঙ্গ ১৬) শৃঙ্গার ১৭) পর ১৮) দাদা।

মাহতাবুর রহমান

বিশ্বকাপে ট্রফি, মেডেল ছাড়াও প্রতীকী চ্যাম্পিয়নশিপ রিং

নিউ জার্সি, ১৭ জুলাই : বিশ্বকাপ জয়ের পর সোনালি ট্রফি উঁচিয়ে ধরা কিংবা গলায় মেডেল ঝুলিয়ে সেলিব্রেট করা হয়। এবার থেকে সেই পরিচিত ছবিতে যোগ হচ্ছে নতুন স্মারক। বিশ্বচ্যাম্পিয়ন দলের খেলোয়াড়রা ট্রফি ও সোনার পদকের পাশাপাশি পাবেন বিশেষ 'চ্যাম্পিয়নশিপ রিং'। উত্তর আমেরিকার বিভিন্ন খেলায় এই রীতির প্রচলন অনেক দিনের। এবার প্রথমবারের মতো ফুটবল বিশ্বকাপেও এই নতুন সম্মাননা চালু করছে ফিফা। ফাইনালের পর পুরস্কার বিতরণী মঞ্চেই চ্যাম্পিয়ন দলের কোচ ও খেলোয়াড়দের হাতে প্রতীকী 'চ্যাম্পিয়নশিপ রিং' তুলে দেওয়া হবে। পরে প্রত্যেকের আঙুলের মাপ অনুযায়ী আলাদা করে তৈরি করা হবে স্থায়ী আংটি। ফিফা জানিয়েছে, মার্কিন ক্রীড়া সংস্কৃতিতে দীর্ঘদিন ধরে এনবিএ ও এনএফএল-এর মতো প্রতিযোগিতায় চ্যাম্পিয়নদের রিং দেওয়ার যে প্রথা রয়েছে, সেই ঐতিহ্য থেকেই অনুপ্রাণিত হয়ে ফুটবল বিশ্বকাপেও এই নতুন সম্মাননা যুক্ত করা হচ্ছে।

যেহেতু এবারের বিশ্বকাপ অনুষ্ঠিত হচ্ছে আমেরিকা, কানাডা ও মেক্সিকোয়, তাই এই সংস্কৃতির সংযোজনকে বিশেষ তাৎপর্যপূর্ণ বলেই মনে করছেন অনেকে। ফিফার অফিসিয়াল ওয়েবসাইট সূত্রে জানা গিয়েছে, এই বিশ্বকাপকে স্মরণীয় করে রাখতে মোট ২,০২৬টি বিশেষ আংটি তৈরি করা হবে। এর মধ্যে মাত্র ৩০টি থাকবে বিশ্বচ্যাম্পিয়ন দলের খেলোয়াড় ও কোচিং স্টাফদের জন্য। বাকি ১,৯৯৬টি সরকারি লাইসেন্সপ্রাপ্ত স্মারক হিসাবে বিশ্বজুড়ে ফুটবলপ্রেমীদের জন্য বাজারে আনা হবে। প্রতিটি আংটির এক পাশে থাকবে বিশ্বকাপের নকশা, অন্য পাশে চ্যাম্পিয়ন দলের পরিচয়, প্রতীক এবং রং। খেলোয়াড় ও কোচদের জন্য তৈরি বিশেষ সংস্করণের আংটিতে থাকবে আলাদা সিরিয়াল নম্বর। তা প্রত্যেকের আঙুলের মাপ অনুযায়ী কাস্টমাইজ করা হবে। ১৯ জুলাইয়ের ফাইনালে মুখোমুখি হবে আর্জেন্টিনা ও স্পেন। গতবারের বিশ্বচ্যাম্পিয়ন আর্জেন্টিনা ইতিমধ্যেই তিনবার বিশ্বকাপ জিতেছে। স্পেনের ঝুলিতে রয়েছে একটি বিশ্বকাপ। যে দলই এবার শিরোপা জিতুক না কেন, তারাই হবে ইতিহাসের প্রথম বিশ্বচ্যাম্পিয়ন, যারা নতুন 'চ্যাম্পিয়নশিপ রিং' হাতে পাবে।

পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক punjab national bank

সিও : এসএএম। মণ্ডল কার্যালয়, শিলচর (৯০৩২০০)
সার্কল অফিস : সেন্ট্রাল রোড, শিলচর-৭৮৮০০১ (আসাম) Email : cosilcharrecovery@pnb.bank.in

স্থাবর সম্পত্তি ই-নিলাম বিক্রয়ের জন্য জনসাধারণের জ্ঞাতার্থে বিজ্ঞপ্তি

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর রুল ৮ (৬) এবং রুল ৯(১)-য়ে পঠিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) অ্যাক্ট, ২০০২-অধীনে ব্যাঙ্কে বন্ধক হিসেবে রাখা স্থাবর সম্পত্তি নিলাম বিজ্ঞপ্তি।

সুতরাং, বিশেষ করে **ঋণগৃহীতাদের, জামিনদারদের এবং সাধারণ মানুষকে** এমর্মে অবগত করা হচ্ছে যে সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-(সিকিউর্ড ক্রেডিটর) প্রদত্ত ক্ষমতা অনুসারে এবং ঋণগ্রহীতার বন্ধকী সম্পত্তির দখল নেওয়ার নিমিত্তে নিম্ন টেবিলে উল্লেখ করা তারিখ মতে (গঠনমূলক দখলাধীন সম্পত্তি) স্বীকৃতপ্রাপ্ত আধিকারিক বন্ধকী সম্পত্তি রিকভারি করতে গিয়ে অতিরিক্ত সুদ ও খরচা এবং অন্যান্য চার্জসমূহ নিয়ে স্বীকৃতপ্রাপ্ত আধিকারিকের মাধ্যমে ব্যাঙ্ক বন্ধকীকৃত সম্পত্তি **'যে অবস্থায় আছে, সেই অবস্থায় এবং যেভাবে আছে সেভাবে'** এই হিসেবে ই-নিলাম করার সিদ্ধান্ত নিয়েছে। প্রত্যেক সম্পত্তির সংরক্ষিত মূল্য এবং বায়না জমা (ইএমডি) বিবরণ নিচে উল্লেখ করা হল:

সংরক্ষিত সম্পত্তির সূচি

ক্রম নং	ক) ব্রাঞ্চের নাম খ) অ্যাকাউন্টের নাম গ) ঋণগ্রহীতা/জামিনদারের অ্যাকাউন্টের নাম এবং ঠিকানা	জামানতে থাকা স্থাবর সম্পত্তির বিবরণ/ স্বত্তাধিকারীর নাম (সম্পত্তির জামিনদার)	(ক) সার্ফেসি অ্যাক্ট, ২০০২-র ইউ/এস ১৩(২) মতে ডিমান্ড নোটিশের তারিখ (খ) বকেয়া পরিমাণ (গ) সার্ফেসি অ্যাক্ট, ২০০২-র ইউ/ এস ১৩(২) মতে দখল নেওয়ার (ঘ) দখল নেওয়ার ধরন প্রতিকী/শারীরিক	ক) সংরক্ষিত মূল্য (লক্ষ) (খ) ইএমডি (ইএমডি জমার শেষ তারিখ) (গ) বিড বৃদ্ধি পরিমাণ	ই-নিলামের তারিখ এবং সময়	ঋণদাতার কাছে প্রদত্ত সমস্যার বিবরণ
১	**ক) বদরপুর (০০৩৮২০)** **খ) সজল কুমার দাস** **গ) ঋণগ্রহীতা : (১)** সজল কুমার দাস, পিতা মৃত জলধর চন্দ্র দাস, গ্রাম-সিদ্ধেশ্বর ২য় খণ্ড, পোঃঅঃ- কাতিরাইল, জিলা- কাছাড়, আসাম- ৭৮৮৭০৫।	**সংশ্লিষ্ট জমিতে থাকা সব ধরনের জমি সহ বিল্ডিং** যার মৌজা- সিদ্ধেশ্বর ২য় খণ্ড, পরগণা-কাটিগড়া, কাছাড়, যার পরিমাপ ৫ কাঠা, যার দাগ নং-১৯২ যা ২য় আর এস পাট্টা নং-৭২, এই অবস্থানে সজল কুমার দাসের নামে রয়েছে। **চতুঃসীমা- উত্তর :** কালাইন-বদরপুর সড়ক অভিমুখে ১২ প্রসস্থ সার্বজনীন চলাচলের রাস্তা, **দক্ষিণ :** কমন প্যাসেজ **পূর্ব :** জয় কিশোর কাহারের জমি, **পশ্চিম :** সুখময় দাসের জমি।	(ক) ১০-০২-২০২২ (খ) ৯,৯৬,৮৯২.০০ টাকা + তার সঙ্গে প্রযোজ সুদ ০১-০২-২০২২ ইং হইতে ও অন্যান্য ব্যয় সম্বলিত (গ) ০৫-০৫-২০২২ (ঘ) প্রতীকি দখল	(ক) ৫৩.০০ লক্ষ (খ) ৫.৩ লক্ষ (০৩-০৮-২০২৬-য়ে বা তার আগে) (গ) ০.১০ লক্ষ	০৪-০৮-২০২৬ সকাল ১১.০০টা থেকে বিকাল ৪.০০ টা	ব্যাঙ্কের জ্ঞাত নয়
২	**ক) লালা (০০৪০২০)** **খ) তরুণ কৃষ্ণ নাথ** **গ) ঋণগ্রহীতা : (১)** তরুণ কৃষ্ণ নাথ, পিতা মৃত তমাল কৃষ্ণ নাথ, ওয়ার্ড নং-৯, সূর্যসেন সরণি, লালা, হাইলাকান্দি, আসাম-৭৮৮১৬৩। **জামিনদার : (১)** নিত্যানন্দ শুক্লবৈদ্য, পিতা মৃত রাধাচরণ শুক্লবৈদ্য, সূর্যসেন সরণি, লালা, হাইলাকান্দি, আসাম-৭৮৮১৬৩।	**সংশ্লিষ্ট জমিতে থাকা সব ধরনের জমি সহ বিল্ডিং** যার দাগ নং-৯৪, ৯৫, ৯৬, ৯৭, পাট্টা নং-৩০, যার বিক্রয় দলিল নং-১১০/১১২, তারিখ-২৯-০২-২০১২, যার মৌজা- লালা টাউন, বার্নারপুর এর অন্তর্গত যার পরিমাপ ৪ কাঠা, এই অবস্থানে তরুণ কৃষ্ণ নাথের নামে রয়েছে। **চতুঃসীমা- উত্তর :** প্রভাস চন্দ্র ধরের সম্পত্তি, **দক্ষিণ :** সূর্য সেন রোড, **পূর্ব :** তনুজ কুমার দে এর সম্পত্তি, **পশ্চিম :** তর